# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। সিভিল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদসমূহে ১৬টি বিভাগে সর্বমোট ১০৬৫টি আসনে নিম্নবর্ণিত নিয়মানুযায়ী শিক্ষার্থী ভর্তি করা হবে।

**১। বাংলাদেশী শিক্ষার্থীদের জন্য ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতাঃ**

ক) প্রার্থীকে ২০১৮ ইং সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় পাশ হতে হবে অথবা ২০১৭ ইং সালের নভেম্বরের পরে ‘A’ লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে।

খ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড থেকে মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০০ পেয়ে পাশ হতে হবে অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

গ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক/আলীম/সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী এ চার বিষয়ে কমপক্ষে মোট জিপি ১৮.০০ (আঠারো) অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উক্ত বিষয়সমূহে কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে। এছাড়া বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তি হতে হলে সংশ্লিষ্ট প্রার্থীকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জীব বিজ্ঞানে কমপক্ষে জিপি ৪.০০ থাকতে হবে।

ঘ) প্রার্থী GCE ‘O’ লেভেল এবং ‘A’ লেভেল পাশ করে থাকলে তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য GCE ‘O’ লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি বিষয়ে ন্যূনতম ‘B’ গ্রেড পেয়ে পাশ হতে হবে। GCE ‘A’ লেভেল পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়ন ও গণিতে পৃথক পৃথকভাবে কমপক্ষে ‘B’ গ্রেড পেয়ে পাশ হতে হবে। এছাড়া বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তি হতে হলে সংশ্লিষ্ট প্রার্থীকে GCE ‘A’ লেভেল পরীক্ষায় জীব বিজ্ঞানে কমপক্ষে ‘B’ গ্রেড পেয়ে পাশ হতে হবে।

**২। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী নির্বাচনঃ**

নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্ত সকল বৈধ আবেদনপত্রের মধ্য থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী-এ চার বিষয়ে প্রাপ্ত মোট গ্রেড পয়েন্টের ভিত্তিতে একটি মেধা তালিকা তৈরী করা হবে। প্রার্থী সংখ্যা বেশী হলে এ তালিকা থেকে প্রথম ১৩,০০০ (তেরো হাজার) জন প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। তবে ১৩,০০০তম প্রার্থী একাধিক হলে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যথাক্রমে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজীতে প্রাপ্ত গ্রেডের ভিত্তিতে ১৩,০০০তম প্রার্থীর মধ্য থেকে ন্যূনতম সংখ্যক প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

**৩। ভর্তি সংক্রান্ত সময়সূচীঃ**

| | | |
|---|---|---|
| ক) | আবেদনপত্র অনলাইনে পূরণ ও Submission শুরু | ১৩ সেপ্টেম্বর, ২০১৮ ইং বৃহস্পতিবার, সকাল ১০-০০ মি. |
| খ) | আবেদনপত্র অনলাইনে পূরণ ও Submission শেষ | ২৩ সেপ্টেম্বর, ২০১৮ ইং রবিবার, রাত ১১-৫৯ মি. |
| গ) | A, T বা P চিহ্নিত আবেদনপত্র জমা দেয়া শেষ | ২৪ সেপ্টেম্বর, ২০১৮ ইং সোমবার, বিকাল ৩-৩০ মি. |
| ঘ) | টাকা জমা দেয়ার শেষ সময় | ২৪ সেপ্টেম্বর, ২০১৮ ইং সোমবার, বিকাল ৫-০০ মি. |
| ঙ) | ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ | ১১ অক্টোবর, ২০১৮ ইং বৃহস্পতিবার |
| চ) | **ভর্তি পরীক্ষার তারিখ ও সময়** | **২৭ অক্টোবর, ২০১৮ ইং, শনিবার সকাল১০-০০মি. হতে দুপুর ১২-৩০মি. পর্যন্ত।** |
| ছ) | ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মেধাক্রমের তালিকা প্রকাশ, বিভাগ পছন্দ প্রদানের নির্দেশনা, ভর্তির নিয়মাবলী ও ভর্তির তারিখ ঘোষণা | **৫ নভেম্বর, ২০১৮ ইং** সোমবার |

**৪। অনুষদভিত্তিক বিভিন্ন বিভাগ/বিষয়ের নাম, কোড ও আসন বিভাজনঃ**

| | বিভাগ/বিষয় | কোড | আসন |
|---|---|---|---|
| | **সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদ** | | |
| ১ | সিভিল ইঞ্জিনিয়ারিং | CE | ১২০ |
| ২ | বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট | BECM | ৬০ |
| ৩ | আরবান এন্ড রিজিওনাল প্লানিং | URP | ৬০ |
| ৪ | আর্কিটেকচার | Arch | ৪০ |
| | **ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং অনুষদ** | | |
| ১ | ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং | EEE | ১২০ |
| ২ | কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | CSE | ১২০ |
| ৩ | ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং | ECE | ৬০ |
| ৪ | বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং | BME | ৩০ |
| ৫ | ম্যাটেরিয়ালস্ সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | MSE | ৬০ |
| | **মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং অনুষদ** | | |
| ১ | মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং | ME | ১২০ |
| ২ | ইন্ডাষ্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং | IPE | ৬০ |
| ৩ | লেদার ইঞ্জিনিয়ারিং | LE | ৬০ |
| ৪ | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং | TE | ৬০ |
| ৫ | এনার্জি সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ESE | ৩০ |
| ৬ | কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং | ChE | ৩০ |
| ৭ | মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং | MTE | ৩০ |

আর্কিটেকচারে ৫ বছর মেয়াদী এবং অন্যান্য সকল বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী প্রদান করা হয়। ১০৬৫টি আসনের মধ্যে সংরক্ষিত আসন রয়েছে ৫টি (ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীদের এবং চট্টগ্রাম বিভাগের পার্বত্য জেলার অধিবাসীদের জন্য)।

**৫। ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও নির্ধারিত নম্বরঃ**

২০১৮ ইং সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা ও রসায়নে যে পাঠ্যসূচী ছিল প্রধানতঃ তার উপর এবং **Functional English**-এর উপর ভিত্তি করে ২ ঘন্টা ৩০ মিনিট ব্যাপী সর্বমোট ৫০০ নম্বরের পরীক্ষা MCQ পদ্ধতিতে নেয়া হবে। **MCQ পরীক্ষায় প্রতিটি ভুল উত্তরের জন্য ২৫% নম্বর কাটা যাবে। উল্লেখ্য, ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্সের ভর্তি পরীক্ষা একই প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে।**

বিষয় ভিত্তিক প্রশ্ন সংখ্যা ও নম্বরের বিন্যাস নিম্নরূপ:

| বিষয় | প্রশ্ন সংখ্যা | মোট নম্বর | সর্বমোট নম্বর |
|---|---|---|---|
| গণিত | ২৫ | ১৫০ | ৫০০ |
| পদার্থবিদ্যা | ২৫ | ১৫০ | |
| রসায়ন | ২৫ | ১৫০ | |
| ইংরেজী | ২৫ | ৫০ | |

**৬। ভর্তি সংক্রান্ত সকল তথ্যাবলী admission.kuet.ac.bd ওয়েবসাইট ও বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে এবং প্রয়োজনীয় তথ্যের জন্য রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর দপ্তরে ভর্তি শাখায় (PABX: +880-41-769468 Ext. 139, 189) এবং Online Form পূরণ করার ক্ষেত্রে কোন সমস্যায় 01799273655 নম্বরে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯-০০ থেকে বিকাল ৫-০০টা পর্যন্ত) যোগাযোগ করা যাবে। ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে admission@kuet.ac.bd-তে e-mail করা যেতে পারে।**

**প্রফেসর ড. কাজী হামিদুল বারী**
সভাপতি, ভর্তি কমিটি, ১ম বর্ষ বি. এস-সি. ইঞ্জিনিয়ারিং, বিইউআরপি ও বিআর্ক কোর্স
ও
ডীন, সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদ
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
খুলনা-৯২০৩, বাংলাদেশ।

ওয়েবসাইটঃ **admission.kuet.ac.bd**